

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩, বাংলাদেশ

কুয়েট গেস্ট হাউজ ব্যবহারের কতিপয় প্রয়োজনীয় নিয়মাবলী

- ১) গেস্ট হাউজে অত্র বিশ্ববিদ্যালয়ের অথবা অন্য কোন প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তাগণ কর্তৃপক্ষের পূর্ব অনুমতি সাপেক্ষে অবস্থান করতে পারবেন। অবস্থান কালে নিজ স্ত্রী/ছেলেমেয়ে সাথে থাকলে তা উল্লেখ করতে হবে।
- ২) গেস্ট হাউজে সর্বোচ্চ ৫ (পাঁচ) দিন একাধারে অবস্থান করা যাবে। বিশেষ কারণে, পাঁচ দিনের অধিক অবস্থানের প্রয়োজন হলে, প্রথম বারে অনুমোদিত সময় শেষ হওয়ার আগেই পুনঃ অবস্থানের অনুমতি নিতে হবে অথবা যথাযথ কারণ উল্লেখপূর্বক পূর্বেই আবেদন করতে হবে।
- ৩) কোন ব্যক্তি একসাথে সর্বোচ্চ দুইটি কক্ষ বরাদ্দ নিতে পারবেন। গেস্ট হাউজ বুকিং পাওয়ার পর তা বাতিল করতে চাইলে কমপক্ষে ১২ (বার) ঘন্টা আগে সংশ্লিষ্ট ব্যক্তিকে তা জানাতে অনুরোধ করা হলো।
- ৪) পরিস্কার পরিচ্ছন্নতার জন্য গেস্ট হাউজ থেকে বের হওয়ার সময় রুমের চাবি কেয়ারটেকার অথবা তার প্রতিনিধির নিকট জমা দিতে হবে। তবে নিজস্ব মূল্যবান জিনিষপত্র বা টাকাপয়সা নিজ দায়িত্বে রাখতে হবে।
- ৫) গেস্ট রেজিস্ট্রার বহিতে অবস্থানকারীর আগমন ও প্রস্থানের সময় উল্লেখ পূর্বক স্বাক্ষর প্রদান করতে হবে।
- ৬) গেস্ট হাউজে অবস্থানকালীন সময়ে গেস্ট হাউজের জিনিসপত্র যাতে নষ্ট না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।
- ৭) গেস্ট হাউজে অবস্থানের জন্য নিজ প্রতিষ্ঠানের পরিচয়পত্র অবশ্যই সংগে রাখতে হবে। নিরাপত্তার সুবিধার্থে অবশ্যই রাত্রি ১১.৩০ মিনিটের পূর্বেই গেস্ট হাউজে প্রবেশ করতে হবে।
- ৮) গেস্ট হাউজের রুমের ভিতর বা গেস্ট হাউজ এলাকায় ধুমপান বা এ্যালকোহলিক দ্রব্য সেবন সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৯) ড্রাইভার এর অবস্থানের প্রয়োজন হলে নিচতলার নির্ধারিত রুম ভাড়া প্রদান সাপেক্ষে ব্যবহার করা যাবে।
- ১০) গেস্ট হাউজে অবস্থানকারী কোন অতিথির নিকট কোন ভিজিটর আসার প্রয়োজন হলে তা সকাল ৯.০০ থেকে রাত ৯.০০ মধ্যে হতে হবে।
- ১১) যদি কেহ গেস্ট হাউজে খেতে চান, তবে নিজ খরচে খেতে হবে এবং পূর্ব থেকে অবহিত করতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের নিয়োজিত বাবুর্চি থাকলে চাহিদা ও পছন্দ অনুযায়ী বাজার ও রান্নার ব্যবস্থা করা যেতে পারে। কোন ক্রমেই রুমের ভিতর রান্না করা যাবে না।

ভাড়া এবং তৎসংক্রান্ত নিয়মাবলী

গেস্ট হাউজে অবস্থানের পূর্বে অনুমোদিত সংখ্যক দিনের জন্য নির্ধারিত হারে ভাড়া প্রদান করে মানি রিসিপ্ট গ্রহণ করতে হবে।

কোন কারণে অবস্থান দিনের সংখ্যা হ্রাস/বৃদ্ধি পেলে প্রয়োজনীয় অর্থ জমা দিতে হবে/ফেরত পাওয়া যাবে।

ক্রঃ নং	রুমের ধরণ	যাদের জন্য প্রযোজ্য	দৈনিক ভাড়ার হার
১	এসি ভিআইপি রুম	সিলেকশন গ্রেড প্রাপ্ত প্রফেসর/সমমর্যাদার বা তদুর্ধ্ব কর্মকর্তা এবং মর্যাদা সম্পন্ন বিদেশী অতিথি	৩৫০.০০
২	এসি রুম (১টি বেড)	শিক্ষক/কর্মকর্তা/মর্যাদা সম্পন্ন দেশী/বিদেশী অতিথি	২৫০.০০
৩	এসি রুম (২টি বেড)		১৫০.০০ (প্রতি বেড)

গেস্ট হাউজের আভ্যন্তরীণ টেলিফোন নম্বরসমূহ

রুম নং-৩০১

৮১৯০

গেস্ট হাউজ

১৮৮

রুম নং-৩০২

৮১৯১

গেস্ট হাউজ এ্যাটেনডেন্টদের মোবাইল নম্বরসমূহ

রুম নং-৩০৩

৮১৯২

০১৮২২৮৬০৫৬৭ (জসিম)

রুম নং-৩০৪

৮১৯৩

০১৬৭৩০৪৪১৬৪ (রাজু)

রুম নং-৩০৫

৮১৯৪

০১৯৬০৩৩৬৬৮৫ (রফিক)